

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর
সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/শৃংখলা- ৩৮/২০১৫/

তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি), দক্ষিণ কাঞ্চন নগর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- কাঞ্চন নগর, ফটিকছড়ি, চট্টগ্রাম গত ২১/১০/২০১৫ ইং তারিখ নারী নির্যাতনের অভিযোগে ফটিকছড়ি থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে জেল হাজতে ছিলেন। যাহা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম বিষয়টি নিশ্চিত করায় সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ১১(১) নং বিধি অনুযায়ী সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ১৯৭৬, তারিখঃ- ০১/১১/২০১৫ ইং মোতাবেক গত ২১/১০/২০১৫ ইং তারিখ থেকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ গত ২১/১০/২০১৫ ইং তারিখ হতে ২৯/১১/২০১৫ ইং তারিখ পর্যন্ত জেল হাজতে অবস্থান করে জামিনে মুক্ত হয়ে গত ০৫/১২/২০১৫ ইং তারিখে কর্মস্থলে যোগদান করেন। পরবর্তীতে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩, চট্টগ্রাম এর ২৬/০৫/২০১৬ ইং তারিখে ০৩ নং আদেশ মূলে তাকে বর্ণিত ষড়যন্ত্রমূলক মামলা ৩৩৪/২০১৬ ইং হতে অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত না হওয়ায় মাননীয় আদালত অভিযোগ আমলে না নিয়ে তাকে অভিযোগ হতে মুক্তি প্রদান করে মামলাটি নাকচ করেন এবং মামলাটি নিষ্পত্তি করে সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ-কে খাসাল প্রদান করেন এবং

এফনে, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার কাঞ্চন নগর ইউনিয়নের দক্ষিণ কাঞ্চন নগর কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ-এর দাখিলকৃত জবাব এবং বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩, চট্টগ্রাম ২৬/০৫/২০১৬ ইং তারিখে তাকে বেকুসুর খালাস প্রদান করায় তার বিরুদ্ধে উক্ত বিধি মালার ৩(বি) বিধান মতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

১. চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার কাঞ্চন নগর ইউনিয়নের দক্ষিণ কাঞ্চন নগর কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ কর্মস্থলে অনুপস্থিতি ও জেল হাজতে থাকাকালীন সময় গত ২১/১০/২০১৫ ইং তারিখ হতে ০৪/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলো।
২. তিনি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত থাকাকালে গৃহীত খোরপোষ ভাতা সমন্বয় সাপেক্ষে বিধি মতে গ্রাহ্য বেতন-ভাতাদি পাবেন।
৩. সিএইচসিপি, জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ-কে ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য শেষবারের মত সতর্ক করা হলো।

স্বাঃ

(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ ও ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/শৃংখলা- ৩৮/২০১৫/৪২২/১০

তারিখঃ ২৩ / ১১ / ২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, চট্টগ্রাম।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম (আদেশটি সার্ভিস বুকে লিপিবদ্ধ করার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৮. জনাব মোঃ রাশেদুল করিম রাসেদ, সিএইচসিপি, দক্ষিণ কাঞ্চন নগর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- কাঞ্চন নগর, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৯. অফিস কপি।

(ডাঃ মাসুদ রেজা কবীর)
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।